

# Schick® ম্যানস কর্নার

## ছেলেদের অলঙ্কার

এক সময় অলঙ্কার ব্যবহার করতো শুধু রাজপরিবারের ছেলেরা। সেই ইতিহাসকে পেছনে ফেলে অলঙ্কার এখন সবার...

ছেলেদের চালচলন ও পোশাকের সঙ্গে ব্যবহৃত অলঙ্কারও তাদের আরো সুদর্শন ও স্মার্ট করে তোলে। অলঙ্কার ও তার ব্যবহার থেকে ছেলেদের ব্যক্তিত্ব ও রুচির প্রকাশ ঘটে। ছেলেরা বিভিন্ন ধরনের অলঙ্কার বা গয়না

### অলঙ্কারের বাজার

চেইন : চামড়া-১০০-৪০০ টাকা  
ধাতু- ২০-৪০০ টাকা  
কাঠ- ২০- ২০০ টাকা  
আংটি : ২০-২০০ টাকা  
কানের দুল : ২০-২০০ টাকা  
ব্রেসলেট : চামড়া- ৪০-৪০০ টাকা  
কাঠ- ২০-২০০ টাকা  
স্টিল- ২০-৫০০ টাকা  
রাবার- ১০-১০০ টাকা  
সুতা- ২০-১৫০ টাকা

ব্যবহার করে। যেমন- ব্রেসলেট, আংটি, গলার চেইন বা লকেট, কানের দুল, রিং বা টপ।

এসব অলঙ্কার সব বয়সের ছেলেরাই ক্যাজুয়াল, পার্টি বা ফরমাল যে কোনো ধরনের পোশাকের সঙ্গেই ব্যবহার করতে পারে।

অলঙ্কার বাজারে বিভিন্ন আকার ও ডিজাইনে পাওয়া যায়। যেমন- গলার চেইন, স্টিল, পুঁতি, কাঠ, রাবার, চামড়া বা সুতার হয়ে থাকে। এগুলোর সঙ্গে আপনি বিভিন্ন রকমের লকেটসহ পেতে পারেন।

আংটি সাধারণত স্টিল বা অন্য ধাতুর হয়ে থাকে। ছেলেদের বুড়ো আঙুলে আংটি পরা এখন প্রচলিত ফ্যাশনের একটি। তারপর রয়েছে এক কানে দুল বা রিং ব্যবহার। অনেকেই এখন এক কান ফুঁড়িয়ে তাতে বিভিন্ন রকমের টপস্, দুল বা রিং পড়ে। এই দুল বা রিং শুধু কানেই নয়, ছেলেরা ভুরু ফুঁড়িয়ে সেখানেও ব্যবহার করে। অবশ্য বাজারে অনেক ম্যাগনেটিক বা টিপ পদ্ধতির টপস্ বা রিং পাওয়া যায় যেগুলো কান বা ভুরু না ফুঁড়িয়েও ব্যবহার করা যায়। ছেলেদের অলঙ্কারের মধ্যে ব্রেসলেটের ব্যবহার সবচেয়ে বেশি জনপ্রিয়। এগুলো স্টিল বা অন্যান্য ধাতু, কাঠ, চামড়া, সুতা বা প্লাস্টিকের হয়ে থাকে।

ছেলেদের এসব অলঙ্কার বাজারে অত্যন্ত সহজলভ্য। আপনি এলিফ্যান্ট রোড, নিউমার্কেট, গুলশান, উত্তরার যে কোনো শপিং মল, ভারাইটি স্টোর বা গিফট শপ থেকে এসব অলঙ্কার বা গয়না অত্যন্ত সাশ্রয়ী মূল্যে পেতে পারেন। অলঙ্কার আবার সোনা বা রূপার হয়ে থাকে। আপনি স্বর্ণকারের দোকান থেকে আপনার মনমতো গয়না কিনতে বা তৈরি করিয়ে ব্যবহার করতে পারেন। এক্ষেত্রে অলঙ্কারের মূল্য স্বর্ণ বা রূপার পরিমাণের ওপর নির্ভর করবে।

সাইমন মোহাসিন  
ছবি : তুহিন হোসেন

